

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
www.sadar.munshiganj.gov.bd

মুন্সীগঞ্জ সদর উপজেলা পরিষদের মে/২০২২ মাসের মাসিক উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব আনিছ উজ্জামান চেয়ারম্যান, উপজেলা পরিষদ মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
তারিখ	:	১২/০৫/২০২২ খ্রিঃ
সময়	:	১১.০০ ঘটিকা
স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত বিষয়ে বিভাগ ভিত্তিক কার্যক্রমের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ	বিভাগ ভিত্তিক আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	<p>উপজেলা প্রকৌশল বিভাগ:</p> <p>(১) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও রাজস্ব উন্নয়ন তহবিল হতে ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়নের জন্য ২৮টি প্যাকেজে বিভক্ত করে বিগত ১১/০৫/২০২০ তারিখ লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। কাজগুলো বর্তমানে চলমান আছে।</p> <p>(২) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (১) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেক্সটপ কম্পিউটার, প্রজেক্টর ও প্রিন্টার সরবরাহ কাজটি সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। ঠিকাদার বিলের জন্য আবেদন করেছেন। (বিলের পরিমাণ ভ্যাট ও আয়কর সহ = ১২,৩৪,৫০০.০০ টাকা, ভ্যাট ও আয়কর ব্যতিত = ১১,০৪,৮৭৭.০০ টাকা। (২) বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য ১টি করে ডেক্সটপ কম্পিউটার ও টিভি স্ক্রিন সরবরাহ। কাজটি সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। ঠিকাদার বিলের জন্য আবেদন করেছেন। (বিলের পরিমাণ ভ্যাট ও আয়করসহ = ৩২,২৯,২১২.০০, ভ্যাট ও আয়কর ব্যতিত = ২৮,৯০,১৪৪.০০ টাকা) এবং (৩) মুন্সীগঞ্জ সদর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য উচু-নিচু বেঞ্চ সরবরাহ কাজটি সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। (বিলের পরিমাণ ভ্যাট ও আয়কর সহ = ১২,১৯,৫১২, ভ্যাট ও আয়কর ব্যতিত = ১০,০০,০০.০০ টাকা) বিল ৩টি সদয়</p>	<p>(১) কাজগুলো প্রাক্কলন মোতাবেক চলমান থাকায় পরিষদ হতে উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়।</p> <p>(২) PMU Unit এ বিল জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপজেলা প্রকৌশলী, এলজিইডি মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ



	<p>অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।</p> <p>উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (১) ২০১৮-১৯ অর্থ বছরের আওতায় কোভিট-১৯ প্রতিরোধ কল্পে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের হ্যান্ডবেসিন নির্মাণ কাজের ১ম ২বার টেন্ডার আহ্বান করা হলেও কোন দরদাতা অংশ গ্রহন করেন নাই। উল্লেখ্য যে, অতঃপর ৩ য় বার দরপত্র আহ্বান করা হলে ১জন দরদাতা যাহা ১৫% নিম্নদর দাখিল করায় স্কীমটি ই-জিপি প্রক্রিয়ায় NOA Issue করা সম্ভব হয় নাই। এমতবস্থায় পরিষদের সিদ্ধান্তের নিমিত্তে এই অর্থ সীমার মধ্যে সীমাবদ্ধ রেখে পূর্বে অনুমোদিত স্কীমটি বাদ দিয়ে বিকল্প স্কীম প্রস্তুত করা হয়েছে “মুন্সীগঞ্জ সদর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য উচু-নিচু বেঞ্চ সরবরাহের (মুন্সীগঞ্জ পৌরসভা, মহাকালী, শিলই, বাংলাবাজার, রামপাল ইউনিয়ন)”। সভায় সদয় অনুমোদন আবশ্যিক।</p> <p>(৩) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিইডি কর্তৃক বাস্তবায়িত বিভাগীয় অন্যান্য উন্নয়ন প্রকল্পসমূহের কাজ সন্তোষজনকভাবে চলমান রয়েছে।</p>	<p>কাভিট-১৯ এর প্রভাব অনেকটা প্রশমিত হওয়ার কারণে পূর্বে অনুমোদিত হ্যান্ড বেসিন নির্মাণ কাজের স্কীমটি পরিবর্তন করার সিদ্ধান্ত গ্রহন করা হলো। অতঃপর সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ২০১৮-১৯ অর্থ বছরের আওতায় দাখিলকৃত স্কীম “মুন্সীগঞ্জ সদর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য উচু-নিচু বেঞ্চ সরবরাহের (মুন্সীগঞ্জ পৌরসভা, মহাকালী, শিলই, বাংলাবাজার, রামপাল ইউনিয়ন)” সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো এবং PMU Unit এ প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	
০২	<p>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর চলমান কাজ শেষ পর্যায়ে রয়েছে। প্রকল্প বাস্তবায়ন ও বরাদ্দ ছাড়করণ সরকারি সিদ্ধান্ত মোতাবেক ২৫-০৪-২০২২ তারিখে শেষ হয়েছে। বরাদ্দ ছাড়করণের বিষয়ে সময় বর্ধিতকরণের জন্য জেলা প্রশাসক মহোদয় এর মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। সময় বর্ধিত হলে পুনরায় বরাদ্দ ছাড় করা হবে। ২য় পর্যায়ে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর প্রাপ্ত বরাদ্দ ইউনিয়নওয়ারী উপবরাদ্দ প্রদান করা হয়েছিল সে মোতাবেক কিছু ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা এখনও পাওয়া যায়নি। প্রকল্প তালিকা পাওয়া গেলে জেলায় অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। ২য় পর্যায়ে বিশেষ বরাদ্দের প্রকল্প তালিকা এখনও মাননীয় সংসদ সদস্য মহোদয় এর নিকট হতে পাওয়া যায়নি। ৩য় পর্যায়ের টিআর কর্মসূচীর প্রাপ্ত ১০০৩৫৯৮.৪৬ টাকা ইউনিয়নওয়ারী বিভাজন করে দেওয়া। এখনও প্রকল্প তালিকা ইউনিয়ন পরিষদ হতে পাওয়া যায়নি। প্রকল্প তালিকা পাওয়া গেলে জেলায় অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। ৩য় পর্যায়ে বিশেষ বরাদ্দের প্রকল্প তালিকা এখনও মাননীয় সংসদ সদস্য মহোদয় এর নিকট হতে পাওয়া যায়নি। মুজিব শতবর্ষ উপলক্ষে ডুমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত ১০ টি গৃহ মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্স এর মাধ্যমে শুভ উদ্বোধন করেছেন। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে বরাদ্দ প্রাপ্ত ৪৫২৮ টি</p>	<p>উন্নয়নমূলক কর্মকান্ড দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে এবং নিয়মিত তদারকি করতে হবে।</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মুন্সীগঞ্জ সদর</p>

	কার্ডের বিপরীতে ৪৫.২৮০ মে.টন চাল ৯ টি ইউনিয়নে ঈদের পূর্বেই সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। বিভাগের অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয়জনকভাবে চলছে।		
০৩	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা সেবার মান উত্তরোত্তর বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে। তিনি আরও জানান, সদর উপজেলায় উপ-স্বাস্থ্য কেন্দ্র-০২ টি এবং সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা: পুরুষ-৯৮১, মহিলা-১৬৪০, শিশু-২৩৪, মোট=২৮৫৫ জন। চালুকৃত কমিউনিটি ক্লিনিকের সংখ্যা: ১৪ টি, সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা: পুরুষ-৬৪৩৯, মহিলা-৭২৯০, শিশু-৫৫২, মোট=১৪২৮১ জন। শিশু জন্মের সংখ্যা: পুরুষ-৩৪৩, মহিলা-৩০৮, মোট=৬৫১ জন। মাতৃমৃত্যুর সংখ্যা ০১ জন। মৃত্যুর সংখ্যা: ০-৭ দিন=০২ জন, ৮-২৮ দিন=০০ জন, ২৯ দিন-১বৎসর=০১ জন, ১-৫ বছরের মধ্যে=০৮ জন। পানিতে ডুবে মৃত্যু ০০ জন। ০৫ বছরের উর্ধ্বে=৬৫ জন। ই.পি.আই কার্যক্রম: বিসিজি ৯.২%, পেট্টা ৯.২%, পিসিডি ৯.২%, এমআর/১-৯.২%, এমআর/২-৯.২%, টিটি ৯.২%। ডায়রিয়া রোগীর কার্যক্রম: নো-ডিহাইড্রেশন: ১০০৪ জন, সাম-ডিহাইড্রেশন: ১১ জন, মোট=১০১৫ জন। টিবি রোগী (চিকিৎসাধীন) কার্যক্রম: পুরুষ-৩৩ জন, মহিলা-২১ জন, শিশু পুরুষ ০২ জন, শিশু মহিলা- ০১ জন। মোট=৫৭ জন। কুষ্ঠ রোগী (চিকিৎসাধীন) কার্যক্রম: পুরুষ-০৬ জন, মহিলা-০৪ জন, মোট=১০ জন। আর্সেনিকোসিস (চিকিৎসাধীন) কার্যক্রম: পুরুষ-৩৬, মহিলা-৪০, মোট=৭৬ জন। উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। চলমান করোনা ভাইরাস সংক্রমনরোধে সচেতনতা বৃদ্ধিসহ স্বাস্থ্যবিধি অনুসরণে তৎপরতা বৃদ্ধি করা প্রয়োজন।	ক) স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) করোনা ভাইরাস সংক্রমনরোধে ব্যাপক প্রচার চালানোসহ মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
০৪	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। মাসে খাবার বড়ি গ্রহনকারীর সংখ্যা-পুরাতন-৩১,০১৩ নতুন-২৭৮ সর্বমোট-৩১,২৯১ কনডম-পুরাতন-৯,০৯২ নতুন-১৬০ সর্বমোট-৯,২৫২ ইনজেকশন-পুরাতন-৯,৯১৪ নতুন-১৭৬ সর্বমোট-১০,০৯০ আই ইউ ডি- পুরাতন-১,৩১৪ নতুন-২ সর্বমোট-১,৩১৬ ইমপ্ল্যান্ট- পুরাতন-২,৩৯১ নতুন-১২ সর্বমোট-২,৪০৩ স্থায়ী পদ্ধতি : (পুরুষ)-পুরাতন-৪৪১ নতুন-০১ মোট-৪৪২ স্থায়ী (মহিলা)- পুরাতন-৬,৯৬৫ নতুন-২৯ সর্বমোট-৬,৯৯৪ মোট পুরাতন-৬১,১৩০ মোট নতুন-৬৫৮ সর্বমোট-৬১,৭৮৮ গর্ভবতী পরিচর্যা-৮৪৪ গর্ভোত্তর সেবা-৩৮১ শিশু সেবা-৬,৭৬৬ সাধারণ রোগী- ৭,৮৪১ RTI/STI-২৭০ প্রসব সেবা এমসিডব্লিউসি-১৫ এফডব্লিউসি- ০৭ মোট সক্ষম দম্পতির সংখ্যাঃ ৮২,৯৮২ পদ্ধতি গ্রহনকারীর সংখ্যাঃ ৬১,৭৮৮ পদ্ধতি গ্রহনকারীর হারঃ ৭৪.৪৬%	কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সকল কাজ নিয়মিত মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
০৫	উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম তুলে ধরেন। ফসল আবাদঃ খরিপ-১ মৌসুম আবাদ: পাট (দেশি)-৩৮৫ হেক্টর, পাট (তোষা)-৩০ হেক্টর, আউশ উফশী-৩০ হেক্টর, স্থানীয়-১০, বোনা আমন-৫৩২০ হেক্টর, তিল-৬৫ হেক্টর, কাউন-১৩০ হেক্টর, ধৈক্ষা-৫২০ হেক্টর, মরিচ (গ্রীষ্ম) ২৫ হেক্টর, জয়না-২০ হেক্টর, ডুট্টা-১৪০ হেক্টর এবং সবজি (গ্রীষ্ম) ১১৫০ হেক্টর এ যাবৎ আবাদ হয়েছে, আবাদ চলমান। রবি মৌসুম: বোরো আবাদের	ফলদ বৃক্ষ রোপনে মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের দিক নির্দেশনা অনুযায়ী দেশী ফলের চারা/কলম রোপন এর লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।	উপজেলা কৃষি অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ

(Signature)

	<p>লক্ষ্যমাত্রা ১৬২৫ হেক্টর, অর্জন-৯০৫ হেক্টর। কর্তন-স্থানীয়-১০ হেক্টর, গড় ফলন-১.৫০ মে.টন (চাল), উফশী-৩১৫ হেক্টর, গড় ফলন-৪.০০ মে.টন (চাল) হাইব্রিড-৩০ হেক্টর, গড় ফলন-৪.৫০ (চাল), কর্তন চলমান আছে। প্রদর্শনীঃ রাজস্ব খাতের অর্থায়নে খরিপ-১ মৌসুমে রাজস্ব খাতের অর্থায়নে আউশ ধানের প্রদর্শনীর লক্ষ্যমাত্রা-৪০ টি, অর্জন-২০ টি, পাটের প্রদর্শনীর লক্ষ্যমাত্রা-১০ টি, অর্জন-১০ টি। চাষী পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের প্রদর্শনীর সরিষার লক্ষ্যমাত্রা-৪ টি, অর্জন-৪ টি, প্রদর্শনী স্থাপন করা হয়েছে। প্রণোদনা কর্মসূচী বাস্তবায়ন: ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে খরিপ-১/২০২১-২২ মৌসুমে আউশ ফসল উৎসাহিত করার নিমিত্তে ৫৫০ জন কৃষক প্রতি আউশ ধানের বীজ ৫ কেজি, ডিএপি সার ২০ কেজি এবং এমওপি সার ১০ কেজি বিনামূল্যে বিতরণের বরাদ্দ পাওয়া গেছে যা গত ১৩/০৪/২০২২ খ্রি: তারিখে বিতরণ করা হয়েছে। সার, বীজ সরবরাহ ও মজুদ সন্তোষজনক। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।</p>		
০৬	<p>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় তার বিভাগের কার্যক্রম তুলে ধরেনঃ গবাদিপশুর টিকাদান: ৪১৮৪, হাঁস-মুরগি টিকাদান: ৩৩,০০০, গবাদিপশুর চিকিৎসা: ৩৯৮, হাঁস মুরগির চিকিৎসা: ১৪,৪৭৯, পোষা প্রাণির চিকিৎসা: ২০, কৃত্রিম প্রজনন সংখ্যা: ১৬৮৫, সংকর জাতের বাচ্চা জন্ম: ৭৬১ টি, দুধ উৎপাদন ০.০২৪ লক্ষ মেট্রিক টন, মাংস উৎপাদন: ০.০১৫ লক্ষ মে. টন এবং ০.৩৪০১ কোটি ডিম উৎপাদন হয়। রাজস্ব আদায়ঃ টিকাবীজ বিক্রয় বাবদ-১,১৯০৫/- এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৫০,৫৫০/- টাকা মোট ৬২,৪৫৫/- টাকা আদায় হয়েছে।</p>	<p>গবাদিপশু ও হাঁস-মুরগির টিকাদান কার্যক্রম ও নিরাপদ গো-মাংস উৎপাদন জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ</p>
০৭	<p>উপজেলা মৎস্য বিভাগঃ এপ্রিল ২০২২ খ্রি: মাসে মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে ২৪ জন মাছচাষির পুকুর ও খামার পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। ২ ব্যাচে মোট ৪৩ জন মাছচাষিকে আধুনিক মাছচাষ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>বিভিন্ন মৎস্য খামার, আড়ং ও বাজার পরিদর্শন করতে হবে।</p>	<p>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর</p>
০৮	<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির প্রতিবেদন সভায় তুলে ধরেন। ১। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প: ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে ২৬ টি করে) ২৩৪ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের মধ্যে ২০০ টির স্থান তালিকা পাওয়া গেছে যার কাজ চলমান। ২। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প: আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দকৃত পাইপড ওয়াটার স্কীম এর কাজ চলমান। ৩। GPS/NNGPS: GPS প্রকল্পের আওতায় ০২ টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। ৪। PEDP-4: PEDP-4 প্রকল্পের আওতায় ৫ টি ওয়াশব্লকের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ৫। আর্সেনিক ঝুঁকি নিরসনঃ ২০২০-২০২১ অর্থ বছরে ৪৯৩ নলকূপের ৩৭০ টির সাইট তালিকা পাওয়া গেছে কাজ চলমান।</p>	<p>নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করতে হবে।</p>	<p>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ</p>

০৯	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি জানান যে, UID কাজ ২০/০৫/২০২২ পর্যন্ত চলবে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ২০২২ সৃষ্টভাবে সম্পন্ন হয়েছে। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ প্রতিযোগিতা ১৮/০৫/২০২২ তারিখ প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন রেসি: মডেল স্কুল এন্ড কলেজ এ অনুষ্ঠিত হবে। দাপ্তরিক কাজ নিয়মিত সম্পন্ন করা হয়।	শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান কার্যক্রম চলমান রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
১০	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি বলেন যে, শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে জুম মিটিং এর মাধ্যমে প্রধান শিক্ষকদের করণীয় বিষয় অবহিত করা হয়। ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস উপলক্ষে প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিয়ে কেক কাটা হয়, বিদ্যালয় পর্যায়ে শেখ রাসেল কর্ণার ও শেখ রাসেল বুক কর্ণার তৈরি করা হয়, ব্যানার ও ফেস্টুন দিয়ে বিদ্যালয় সজ্জিত করা হয় এবং রচনা, চিত্রাংকন ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। কুমি নাশক ঔষক খাওয়ানো ও ক্ষুদে ডাঙার কার্যক্রম বিষয়ে অবহিত করার জন্য ক্লাস্টার পর্যায়ে মিটিং করা হয়। ক্ষুদে ডাঙার কার্যক্রমের আওতায় প্রতিটি বিদ্যালয়ে ২৩/১০/২০২১ হতে ৩০/১০/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের ওজন মাপা হয় এবং চক্ষু পরীক্ষা করা হয়। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	নিয়মিত পাঠদান কার্যক্রম চলমান রাখতে হবে।	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
১১	মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। (ভিজিডি) কর্মসূচি: দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) মার্চ/২০২২ মাসে ১৩২২ জন উপকারভোগীর মাঝে ৩৯.৬৬ মে.টন খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। নির্বাচিত এনজিও কর্তৃক মাঠ পর্যায়ে উপকারভোগীদের আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম: মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় এপ্রিল/২০২২ মাসে সার্ভিস চার্জসহ ঋণ আদায়ের পরিমাণ ৭,৩৫০/- (সাত হাজার পঞ্চাশ) টাকা এবং মোট অনাদায়ীর পরিমাণ ৮,৪৫,৩৭৫/- (আট লক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত পঁচাত্তর) টাকা। ব্যাংক স্থিতি ৯,০৫,৬১৩/- (নয় লক্ষ পঁচ হাজার ছয়শত তের) টাকা। কিশোর কিশোরী ক্লাব প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ জেলায় ১১ টি ক্লাবের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে চলমান আছে। মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় এপ্রিল/২০২২ মাসের ভাতা বাবদ মুন্সীগঞ্জ সদর উপজেলার ১৫৭৫ জন ভাতাভোগীকে G2P পদ্ধতিতে ১২,৬০,০০০/- (বার লক্ষ ষাট হাজার) টাকা প্রদান করা হয়েছে। মুন্সীগঞ্জ পৌরসভার ৭৪০ জন ভাতাভোগীকে ৫,৯২,০০০/- (পাঁচ লক্ষ বিরানব্বই হাজার) প্রদান করা হয়েছে। কোর্ট হতে আগত ০২ টি মামলার তদন্ত প্রতিবেদন প্রেরণ, মানবাধিকার কমিশন কর্তৃক প্রেরিত ০১ টি অভিযোগের প্রতিবেদন এবং স্থানীয় অভিযোগের ০১ টি অভিযোগ নিষ্পত্তি করা হয়। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলমান আছে।	ক) নিয়মিত প্রশিক্ষণ প্রদানের কেন্দ্র পরিদর্শন করতে হবে। খ) ভিজিডি তালিকা প্রণয়নের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বন করতে হবে। গ) বাল্য বিবাহ প্রতিরোধে তৎপরতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
১২	উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, আত্মকর্মীর সংখ্যা ৭৮ জন এবং ৩৬০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। যুবঋণ বিতরণ করা হয়েছে ৩৪,১০,০০০/- টাকা।	ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথা সময়ে ঋণ আদায় করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার,

(Handwritten signature)

	যুবঋণ গ্রহীতার সংখ্যা ৫৫ জন। আদায়যোগ্য টাকার পরিমাণ ৩৩,৭৯,০০০/- টাকা। আদায়কৃত টাকার পরিমাণ ২৫,৮০,৯০০/- টাকা। আদায়ের হার ৮৭%। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬.২৩%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।		মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
১৩	উপজেলা সমাজসেবা বিভাগঃ এ বিভাগের কার্যপত্র পাওয়া যায়নি বিধায় আলোচনা করা সম্ভব হয়নি।		উপজেলা সমাজসেবা অফিসার, মুন্সীগঞ্জ সদর
১৪	উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। তিনি বলেন ২০২১-২২ অর্থ বছরে ৪ টি ড্রাম্যামান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণে মোট ১০০ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সমবায় অফিসার আরো জানান যে, বর্তমান অর্থ বছরে ৭০ জনের মধ্যে মোট ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়। বিগত মাস পর্যন্ত আদায়যোগ্য কিস্তির পরিমাণ ৪৯০ টির মধ্যে ৪৩৫ কিস্তি আদায় হয়েছে। যার পরিমাণ ৪,৬৫,৪৫০/- টাকা (আসল ৪,৩৫,০০০/- এবং সার্ভিস চার্জ-৩০,৪৫০/- টাকা। কিস্তি বকেয়া আছে ৫৫ টি। আদায়ের হার ৮৯%। সাধারণ (বিভাগীয়) ১১,৬৬০/-টাকা, কেন্দ্রীয় (পউবি) ৪৩৫০/-টাকা, কেন্দ্রীয় সাধারণ ২৫০০/-টাকা অডিট ফি ধার্য হয়েছে যা ১০০% আদায় হয়েছে। সাধারণ সমিতির সিডিএফ ৩৪৯১/- টাকা, কেন্দ্রীয় সমিতির সিডিএফ ১৩৪২/- টাকা ধার্য হয়েছে। আদায় হয়েছে ১০০%। বিভাগীয় নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে।	সমবায় সমিতির সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
১৫	উপজেলা বন বিভাগঃ উপজেলা বন কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। “বৃক্ষ প্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” – এই প্রতিপাদ্য সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী আগামী ৫ জুন শেরে বাংলা নগরস্থ প্যারেড গ্রাউন্ডে জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষ মেলা-২০২২ এর শূভ উদ্বোধন করবেন। সকল দপ্তর, বিভাগ ও প্রতিষ্ঠানকে বৃক্ষরোপণ অভিযানে সক্রিয় অংশগ্রহণ করত: বৃক্ষরোপণ অভিযান সফল ও সার্থক করার জন্য সকলকে বিনীত অনুরোধ করা হলো। ২০২১-২২ অর্থ বছরে সামাজিক বনায়ন কর্মসূচীর আওতায় আধারা ইউনিয়নের সৈয়দপুর মিনা বাজার হইতে বকচর নবী সিকদার বাড়ী পর্যন্ত ২ কি: মি: রাস্তায় বনায়ন করার জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হইয়াছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যান ও মেম্বারগণকে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	(১) সকল দপ্তর, বিভাগ ও প্রতিষ্ঠানকে বৃক্ষরোপণ এবং রাস্তার সৌন্দর্য বর্ধনে সার্বিক সহযোগিতা করার জন্য ও বৃক্ষরোপণ অব্যাহত রাখার জন্য বলা হলো। (২) জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষ মেলা-২০২২ এর অংশ হিসেবে পানহাটা বান্ধার হাওলাদারের বাড়ীর নিকট হতে সুখবাসপুর যাতায়াতের রাস্তার দু'পাশে “দৃষ্টিনন্দন বৃক্ষ রোপণ” রামপাল চেয়ারম্যান জনাব মো: বাচ্চু শেখ ব্যক্তিগতভাবে সোনালু ও কৃষ্ণচূড়া চারা গাছ সরবরাহ এবং রোপণ করবেন। পরিচর্যার দায়িত্বে রামপাল ইউনিয়ন চেয়ারম্যান সেচ্ছাসেবী সংগঠনকে যুক্ত করবেন।	উপজেলা বন কর্মকর্তা ও রামপাল ইউনিয়ন চেয়ারম্যান, মুন্সীগঞ্জ সদর
১৬	পল্লী উন্নয়ন বোর্ড: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি বলেন সদর উপজেলায় ১। মোট সমিতি/দল : ২২৬ টি ২। মোট সদস্য : ৪৮৭২ জন ৩। শেয়ার জমা : মাসে জমা-.০০ লক্ষ, অর্থ বছরে-০.০০ লক্ষ,	ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথাসময়ে ঋণ আদায় করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ

	<p>সর্বমোট-১১.২৬ লক্ষ</p> <p>৪। সঞ্চয় জমা : মাসে জমা-৩৮ লক্ষ, অর্থ বছরে জমা-২.৩৯ লক্ষ, সর্বমোট-৮৫.৫৮ লক্ষ</p> <p>৫। ঋণ বিতরণ : মাসে বিতরণ-১২.৪৯ লক্ষ, অর্থ বছরে বিতরণ-৩২.১৫ লক্ষ, সর্বমোট বিতরণ-২১০০.৯৪ লক্ষ</p> <p>৬। ঋণ আদায়: মাসে আদায়-১৪.১৯ লক্ষ, অর্থ বছরে আদায়-২৮.৫৭ লক্ষ, সর্বমোট আদায়-১২৩.৭৬ লক্ষ, আদায়ের হার-৯১% ২০২১-২২ অর্থ বছরে ১১৬ জন সদস্যের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে।</p>		
১৭	<p>উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। তিনি বলেন-</p> <p>১। বোরো ফসলের পূর্বাভাস জরিপ জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>২। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ৩য় জোনাল অপারেশন কার্যক্রম ২১-২৬ এপ্রিল সম্পন্ন হবে।</p> <p>৩। গম ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>৪। শীতকালীন ভুট্টা ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>৫। পিয়াজ ও রসুন ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>৬। ডাব, তালের রস, বেল সয়াবিন, মসুর ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>৭। মাসিক কৃষি মজুরির তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>৮। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। বিভাগীয় কাজে কোন সমস্যা নেই।</p>	<p>বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন করতে হবে।</p>	<p>উপজেলা পরিসংখ্যান অফিসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ</p>
১৮	<p>আমার বাড়ি আমার খামারঃ আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতির সংখ্যা ২৪৪ টি, সদস্য সংখ্যা ১১২৯৬ জন। ২০২১-২২ অর্থ বছরে সঞ্চয় আদায় হয়েছে ৪৬.৬৪ টাকা ক্রমপুঞ্জিত আদায় ৬২৩.৪২ টাকা (লক্ষ টাকায়)। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১২২২.১৮ টাকা, অর্জিত হয়েছে ৬৪০.১৯ টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ২৯৬৪.৫২ টাকা। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১২২২.১৮ টাকা, অর্জিত হয়েছে ৫৭১.৫৪ টাকা, ক্রমপুঞ্জিত আদায় ২০০৫.৫৯ টাকা। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে।</p>	<p>ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথাসময়ে ঋণ আদায় করতে হবে।</p>	<p>এবাএখা কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ</p>
১৯	<p>পল্লী দারিদ্র্য বিমোচনঃ পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা ৪৪ টি, সদস্য সংখ্যা ১৩৯৪ জন, নারী উদ্যোক্তা সদস্য সংখ্যা ৬৪ জন, ক্ষুদ্র উদ্যোক্তা সংখ্যা ৭০ জন এবং মোট সদস্য সংখ্যা ১৫২৮ জন। তাদের মধ্যে এ পর্যন্ত ১৪৫৬ জনকে ১৩৩০.৭০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ১৩১৫.৫৭ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৮%। উপকারভোগীদের সঞ্চয় জমা আছে ১৭৭.৫৯ লক্ষ টাকা। বিভাগীয় কাজকর্ম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>ঋণ বিতরণ কার্যক্রম সুন্দরভাবে করতে হবে এবং যথাসময়ে ঋণ আদায় করতে হবে।</p>	<p>পিডিবিএফ কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ</p>
২০	<p>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। তিনি সভায় জানান যে, মিরকাদিম খাদ্য গুদামে ও কাটাখালী খাদ্য গুদামে মোট সিদ্ধ চাল ৩২৬১.০০ মে.টন এবং মোট গম ৩৩৫.০০ মে.টন মজুদ রয়েছে।</p>	<p>নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ইস্যুকৃত কার্ডগুলোর তথ্য হালনাগাদ করতে হবে।</p>	<p>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর,</p>



	সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ তার ইউনিয়নের যে সকল কার্ডধারী ভোক্তা মৃত্যুবরণ করেছেন, সচ্ছল হয়েছেন, অথবা বিদেশে/অন্যত্র চলে গেছেন তাদের নামের কার্ডগুলো সংগ্রহ করে নতুন নাম অন্তর্ভুক্ত করার লক্ষ্যে আবেদন করে বিধি মোতাবেক হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও যে সকল ভোক্তার কার্ড এর খাদ্যসশ্য বিতরণ লেখার ঘরগুলো শেষ হয়ে গেছে উক্ত কার্ডগুলো সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সাহেব নিজ উদ্যোগে সংগ্রহ করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দিয়ে পুনঃরায় কার্ড করে নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।		মুন্সীগঞ্জ
২১	বিএডিসি (সেচ) বিভাগঃ উপ-সহকারী প্রকৌশলী তার বিভাগের কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে উপজেলা সেচ কমিটি কর্তৃক অনুমোদিত স্কিমগুলোর ভিতর এলএলপি স্কিমের কাজ ইতোমধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং চরকেওয়ার ইউনিয়নে ফকিরকান্দি খাশ মজা খালের পুনঃখনন কাজ চলমান রয়েছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বিএডিসি (সেচ) কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
২২	উপজেলা নির্বাচন বিভাগঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে মুন্সীগঞ্জ সদর উপজেলা নির্বাচন অফিসে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সেবার মান বৃদ্ধি করতে হবে।	উপজেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ সদর
২৩	বিদ্যুৎ বিভাগঃ ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জ সদর সভায় বলেন যে, পল্লী বিদ্যুতের গ্রাহক সংখ্যা ৮১,২৫১ জন। মোট বিদ্যুতায়ন ১৬৭ গ্রাম, নতুন লাইন নির্মাণ করা হয় ৬২৫ কিঃমিঃ। ট্রান্সফরমার ও তার চুরির বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে। ট্রান্সফরমার চুরি রোধে শিকল, তালা ও ট্রান্সফরমার চুরি রোধক যন্ত্র ব্যবহার করার বিষয়ে মোটিভেশন মিটিং করা হচ্ছে এবং তার সাথে সাথে মাইকিং করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের কার্যক্রম চলছে।	বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন করতে হবে।	ডি.জি.এম পবিস, মুন্সীগঞ্জ সদর জোনাল অফিস
২৪	উপজেলা আনসার ও ভিডিপিঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম তুলে ধরেন। মুন্সীগঞ্জ সদর উপজেলায় ২৩ টি (কেপিআই) সংস্থায় সর্বমোট ১৬৭ জন আনসার সদস্য দায়িত্ব পালন করছে। আইন শৃংখলা নিয়ন্ত্রণে বাহিনীর সকল সদস্য-সদস্যগণ আইন প্রয়োগকারী সংস্থাকে সার্বিক সহায়তা প্রদান করে আসছে এবং বিভিন্ন কেপিআই গার্ডগুলোতে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও প্রশিক্ষক/প্রশিক্ষিকা নিয়মিত পরিদর্শন চলমান রয়েছে।	নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
২৫	উপজেলা আইসিটি বিভাগঃ উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বিভাগীয় যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজ সুচারুভাবে সম্পন্ন ও তৎপরতা বৃদ্ধি করতে হবে।	উপজেলা সহকারী প্রোগ্রামার, মুন্সীগঞ্জ সদর
২৬	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) স্থানীয় সরকার বিভাগঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর সভায় জানান যে, বিভাগীয় যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	যে সকল কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছর সম্পন্ন হওয়ার নির্দেশনা রয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার জন্য সার্বিক সহযোগিতা ও সমন্বয় সাধনের কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো।	উপজেলা প্রকৌশলী ও ইউজিডিপি মুন্সীগঞ্জ সদর

২৭	<p>উপজেলা তথ্যসেবা (তথ্য আপা) অফিস: তথ্য আপা প্রকল্প তথ্যসেবা কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম তুলে ধরেন। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তথ্যকেন্দ্রের মোট সেবা গ্রহীতার সংখ্যা ৩০ জন। ডোর টু ডোর এর মোট সেবা গ্রহীতার সংখ্যা ৭০০ জন। উঠান বৈঠকের সংখ্যা ৪ টি। উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ২০০ জন। প্রতি তিন মাস অন্তর উপজেলা বাস্তবায়ন কমিটির ১ টি সভা সভা করতে হবে।</p>	<p>যথাসময়ে উপজেলা বাস্তবায়ন কমিটির সভা আয়োজন করতে হবে।</p>	<p>উপজেলা তথ্যসেবা (তথ্য আপা) কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর</p>
২৮	<p>বিবিধঃ সভাকে অবহিত করা হয় যে, বার বার অনুরোধ করার পরও অনেক বিভাগের তথ্য সময়মতো পাওয়া যায় না, ফলে কার্যপত্র প্রস্তুতে সমস্যা হয়। সভার ০৩ দিন পূর্বে যে বিভাগের কার্যপত্র পাওয়া যাবে না সে বিভাগের আলোচনা কার্যবিবরণীতে কর্মতৎপরতা নেই মর্মে লিপিবদ্ধ হবে।</p>	<p>মাসিক সভার ৩ দিন পূর্বে বিভাগীয় কার্যপত্র সংশ্লিষ্ট শাখায় জমা নিশ্চিত করতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট বিভাগের প্রধানগণ</p>
	<p>ক. আপ্যায়ন ব্যয়: (১) আলোচ্য মাসের আপ্যায়ন ব্যয়-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা। (২) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার ব্যয় বাবদ-৮,০০০/- (আট হাজার) টাকা। খ. আনুষঙ্গিক: আনুষঙ্গিক খরচ বাবদ ব্যয়- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। গ. উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ভাতা: উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর মে/২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ-৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা। ঘ. মালি/সুইপার: (১) উপজেলা পরিষদের অস্থায়ী মালির মে/২০২২ মাসের দৈনিক কাজের মজুরী বাবদ-১৪,৮৫০/- (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা। (২) উপজেলা পরিষদের অস্থায়ী পরিচ্ছন্নতাকর্মীর মে/২০২২ মাসের দৈনিক কাজের মজুরী বাবদ-১৩,০০০/- (তের হাজার) টাকা। ঙ. যানবাহন মেরামত: মুন্সীগঞ্জ ঘ-১১-০০১৩ নং পাজেরো জীপ গাড়ির মেরামত বাবদ-৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা। চ. ভূমি উন্নয়ন কর পরিশোধ: উপজেলা পরিষদের নিজস্ব জমি ও জমিতে অবস্থিত স্থাপনাসমূহের ভূমি উন্নয়ন কর ও হোল্ডিং ট্যাক্স বাবদ-২,৯৫,৮২০/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার আটশত বিশ) টাকা।</p>	<p>উক্ত ব্যয়সমূহ সভায় অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</p>	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আনিছ উজ্জামান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি

স্মারক নং-০৫.৩০.৫৯৫৬.০০৬.০১.০০১.১৯-৫৯(৪০)

তারিখ : ১৮ মে ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১. মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-০৩
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকারবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১. মেয়র, মুন্সীগঞ্জ/মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
০২. উপজেলাঅফিসার, মুন্সীগঞ্জ সদর
০৩. চেয়ারম্যানইউনিয়ন পরিষদ (সকল), মুন্সীগঞ্জ সদর
০৪. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ
০৫. অফিস কপি


হোসাইন মো. আল-জুনায়েদ
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ